www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

UPSC CSE 2014 MAINS PAPER 6 DECEMBER 19, 2014 BENGALI OPTIONAL PAPER I QUESTION PAPER

# BENGALI

## PAPER—I

## ( LITERATURE )

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

### QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in chronological order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

Prepp Your Personal Exam Guide

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

*(a)* নব্যভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত দিয়ে আলোচনা করুন।

*(b)* আদি-মধ্যযুগের বাংলা ভাষার বিশেষ লক্ষণগুলি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন।

*(c)* কামরূপী উপভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন।

*(d)* বাংলা ভাষায় ধ্বনির আগম কী কী ভাবে হয়, দৃষ্টান্তসহ পর্যালোচনা করুন।

*(e)* বাংলা ভাষায় প্রচলিত ভাষাঋণ সম্পর্কে আলোচনা করুন।

**2.** *(a)* বাংলা শব্দভাণ্ডারে ইংরেজি ছাড়া অন্য যেসব বিদেশি ভাষার অবদান রয়েছে, তাদের সম্পর্কে পর্যালোচনা করুন। 15

*(b)* "বাংলায় কোনো কারকেরই কোনো সুনির্দিষ্ট বিভক্তি নেই।" এই মন্তব্যের তাৎপর্য দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দিন। 15

*(c)* বাংলা ভাষায় সাধু ও চলিত গদ্যরীতির পার্থক্য উদাহরণসহ বিশ্লেষণ করুন। 20

**3.** *(a)* "বাংলা ভাষার রূপতত্ত্বে লিঙ্গের প্রভাব খুব বেশি নেই।" পর্যালোচনা করুন। 15

*(b)* বাংলা ভাষায় সংখ্যাবাচক শব্দ কীভাবে গঠিত হয়, দৃষ্টান্তসহ বুঝিয়ে দিন। 15

*(c)* সাম্প্রতিক কালে বাংলা বানান-সংস্কার ও বানানের আদর্শায়নে যেসব পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, সে সম্পর্কে আপনার প্রতিবেদন প্রস্তুত করুন। 20

**4.** যে কোনো পাঁচটির টীকা লিখুন : 10×5=50

*(a)* উষ্মীভবন

*(b)* অভিশ্রুতি

*(c)* অর্ধমাগধী

*(d)* অন্ত্যস্বরাগম

*(e)* সমাক্ষরলোপ

*(f)* সকারীভবন

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

## SECTION—B

**5.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) কাশীরাম দাস সম্পূর্ণ 'মহাভারত' লিখে যেতে পারেননি, এই বক্তব্যের সমর্থন কোথায় পাওয়া যায়? "অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগের আগে হইতে পশ্চিমবঙ্গের বিভিন্ন লেখকের রচনাপ্রবাহ মিলিত হইয়া আসিয়া কাশীরামের নামে মহাভারত-সংহিতায় পরিণত হইয়াছিল।" এ সম্পর্কে আপনার প্রতিবেদন উপস্থাপন করুন। 2+8=10

(b) মনসামঙ্গল কাব্যধারায় কেতকাদাস ক্ষেমানন্দের শ্রেষ্ঠ কবি হিসেবে স্বীকৃতির কারণগুলি বিবৃত করুন। 10

(c) আরাকান রাজসভার কবিদের অবদান পর্যালোচনা করুন। 10

(d) বৈষ্ণব পদসাহিত্যে গোবিন্দদাসের গুরুত্ব আলোচনা করুন। 10

(e) প্রাক্-বঙ্কিমচন্দ্র পর্বে উপন্যাসের আভাস যাঁদের রচনায় ব্যক্ত হয়েছিল, তাঁদের নিয়ে আলোচনা করুন। 10

**6.** (a) বাংলা মঙ্গলকাব্যের ধারায় ভারতচন্দ্র শেষ প্রধান কবি; কিন্তু তাঁর রচনায় ফুটে উঠেছে আসন্ন আধুনিক কালের পূর্বাভাস। বিশ্লেষণ করুন। 20

(b) বাংলা সাহিত্যে ভাগবত অনুবাদধারার পরিচয় দিন। 15

(c) "ময়নামতী-গোবিন্দচন্দ্রের কাহিনীতে এপিক উপাখ্যানের উদাত্ততা উপলব্ধ হয়।" এই মন্তব্য সম্পর্কে আপনার অভিমত যুক্তিসহ বিবৃত করুন। 15

**7.** (a) নবীনচন্দ্র 'উনিশ শতকের মহাভারত'-এর রচয়িতা। পর্যালোচনা করুন। 15

(b) বাংলা গদ্যসাহিত্যে অক্ষয়কুমার দত্তের অবদান বিশ্লেষণ করুন। 15

(c) উনিশ শতকে সাধারণ রঙ্গমঞ্চের প্রতিষ্ঠার সঙ্গে বাংলা নাট্যসাহিত্যের শ্রীবৃদ্ধি কীভাবে সম্পৃক্ত, আলোচনা করুন। 20

**8.** (a) কবি রবীন্দ্রনাথ উপন্যাস সৃষ্টিতেও আপন কালোত্তর প্রতিভার স্বাক্ষর রেখে গেছেন। এ সম্পর্কে আপনার অভিমত দিন। 15

(b) উনিশ শতকে যে নবজাগরণ বাংলা সাহিত্যে সৃষ্টির নতুন নতুন পথ খুলে দিয়েছিল, অচিরেই আত্মবিরোধিতার চাপে তার ভেতরকার দুর্বলতাগুলিও স্পষ্ট হয়ে উঠল। ফলে বিশ শতকের আধুনিকতাও হলো বৃত্তবন্দী। এ সম্পর্কে পর্যালোচনা করুন। 20

(c) রবীন্দ্র-পরবর্তী কবিতায় বিষ্ণু দে *বা* সুধীন্দ্রনাথ দত্তের অবদান বিশ্লেষণ করুন। 15

★ ★ ★